অদ্য চূড়ান্ত শুনানী ও ২২/০২/২০২১ তারিখের মামলা পাশাপাশি শুনানীর নিমিত্ত আনীত দরখাস্ত শুনানীর জন্য দিন ধার্য আছে।

বাদী ও ১৬(ক)-১৬(ঘ)/১৭বিবাদীপক্ষ এবং ৩৬-৪৭ নং বিবাদীপক্ষ পৃথক হাজিরা দাখিল করেছেন।

৩৬-৪৭ নং বিবাদীপক্ষ একখানা দরখাস্ত আনয়ন করে অত্র অপর ৮৬/২০০৭ মোকদ্দমাটি অত্রাদালতে দায়েরকৃত অন্য প্রকার মোকদ্দমা নং ১০৩/২০০৭ এর সহিত পাশাপাশি একত্রে (Analogous Hearing) এর জন্য প্রার্থনা করেছেন।

**অদ্য বাদীপক্ষ ২২/০২/২০২১ খ্রিঃ তারিখের দরখাস্তের বিরুদ্ধে লিখিত আপত্তি দাখিল করেন।**

নথি শুনানীর জন্য উপস্থাপন করা হলো।

দরখাস্তকারীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, বাদীপক্ষ নালিশী আর এস ২৫৮৬/২৫৮৭/২৫৮৮ নং দাগ ভূমি নিয়ে বিভাগের প্রার্থনায় অপর ৮৬/২০০৭ মামলা দায়ের করেন। পরবর্তীত উক্ত ২৫৮৬ দাগের ভূমি সম্পর্কে অপর ১০৩/২০০৭ মামলা দায়ের করেন। যেহেতু উভয় মামলার বাদী বিবাদী ও নালিশী সম্পত্তি একই সুতরাং পরস্পর বিরোধী সিদ্ধান্ত এড়ানোর লক্ষ্যে উভয় মামলা একত্রে শুনানী হওয়া আবশ্যক মর্মে বিজ্ঞ কৌসুলি দাবি করেন।

অপরদিকে বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে , অপর ৮৬/২০০৭ মামলাটি বিভাগের প্রার্থনায় আনীত যা শুনানীর শেষ পর্যায়ে রয়েছে। অপরদিকে ১০৩/২০০৭ মামলাটি এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। বিজ্ঞ কৌসুলি দাবি করেন যে উভয় মামলার তফসিলী সম্পত্তি এক ও অভিন্ন নয়। অপর ১০৩/২০০৭ মামলাটি আর এস ২৫৮৭ দাগ ভূমি নিয়ে করা হয়, যাহার সাথে বিভাগ ৮৬/২০০৭ মামলার কোন সম্পর্ক নেই। অপর ১০৩/২০০৭ মামলার সংশ্লিষ্ট দলিলে আর আসে ২৫৮৬ দাগ অশুদ্ধভাবে লিপি হওয়ায় তাহা অশুদ্ধ তফসিল হিসাবে দেখানো হয়েছে। বিজ্ঞ কৌসুলি অত্র দরখাস্তটি অপর

৮৬/২০০৭ মামলাটি তড়িৎ নিস্পত্তিতে প্রতিবন্ধকতা সৃষ্টির অপপ্রয়াস মর্মে দাবি করেন এবং উহা নামঞ্জুরের প্রার্থনা করেন।

উভয়পক্ষের বিজ্ঞ কৌসুলির বক্তব্য, ৩৬-৪৭ নং বিবাদীপক্ষ কর্তৃক আনিত Analogous Hearing এর দরখাস্ত , লিখিত আপত্তি ও উভয় মামলার নথি পর্যালোচনা করা দেখলাম ও পর্যালোচনা করলাম। পর্যালোচনা অন্তে দেখা যায় যে, আবদুল ছত্তার গং বাদী হয়ে বিবাদীগন সহ অন্যানোর বিরুদ্ধে নালিশী আর এস ১৭৭ খতিয়ানের আর এস ২৫৮৬ দাগ সহ অপরাপর দাগভূমি নিয়ে বিভাগের প্রার্থনায় অপর ৮৬/২০০৭ মামলা দায়ের করেন যাহা বর্তমানে অধিকতর সাক্ষী শুনানী পর্যায়ে রয়েছে। পরবর্তীতে উক্ত আবদুছ ছালাম বাদী হয়ে অত্র বিবাদীগণ সহ অন্যানোর বিরুদ্ধে নালিশী ২৫৮৬ দাগ সংশ্লিষ্ট ভূমি নিয়ে স্বত্ব ঘোষনা ও কবলা সংশোধনের ডিক্রীর প্রার্থনায় অপর ১০৭/২০০৭ মামলা দায়ের করেন। উভয় মামলার তফসিল পর্যালোচনায় দেখা যায় উভয় মামলায় নালিশী আর এস ২৫৮৬ দাগ ভূমির সংশ্লিষ্টতা রয়েছে এবং পক্ষগণ ও অভিন্ন। যেহেতু অত্র বিভাগ মামলা এবং অপর ১০৭/২০০৭ নং মামলার পক্ষগণ এবং নালিশী সম্পত্তি অভিন্ন সুতরাং সুষ্ট নিষ্পত্তির স্বার্থে এবং উভয় মামলায় পরস্পর বিরোধী সিদ্ধান্ত এড়ানোর লক্ষ্যে অত্র মোকদ্দমা দুটি একত্রে পাশাপাশি বিচার নিষ্পত্তি হওয়া সমীচীন বলে আমি মনে করি। অতএব ৩৬-৪৭ নং বিবাদী কতৃক আনিত একই সঙ্গে পাশাপাশি বিচারের (Analogous Hearing) দরখাস্ত মঞ্জুর করা হলো।

অত্র মামলাটি মূল মামলা হিসাবে পরিগণিত করিয়া অত্র মামলার সহিত অত্র আদালতের বিচারাধীন অপর ১০৭/২০০৭ মামলাটি একত্রে পাশাপাশি বিচার নিষ্পত্তি করা হোক।

আগামী --------------------ইং তারিখ অধিকতর শুনানী।

মিস ভায়োলেশন ১৩/১৯

অদ্য চূড়ান্ত শুনানীর জন্য দিন ধার্য আছে।

প্রার্থীক পক্ষ হাজিরা দাখিল করেন। ১৬(ক)-১৬(ঘ)/ এবং ৩৬-৪৭ নং ১৭ নং বিবাদী প্রতিপক্ষ পৃথক হাজিরা দাখিল করেছেন।

প্রার্থীকপক্ষ সাক্ষী হাজির করেননি। ন্যায় বিচারের স্বার্থে আগামী-------------------ইং তারিখ চূড়ান্ত শুনানীর জন্য ধার্য করা হলো।

অদ্য F.H ও এবং ২৬/০৬/২০২২ ইং তারিখের দরখাস্ত শুনানীর জন্য দিন ধার্য আছে। বাদী ও বিবাদীপক্ষ পৃথক হাজিরা দাখিল করেছেন। ১ নং বিবাদী পক্ষে একখানা দরখাস্ত আনয়ন করে অত্র মোকদ্দমাটি অত্রাদালতে দায়েরকৃত অন্য প্রকার মোকদ্দমা নং ২২৮/০৭ এর সহিত (Analogous Hearing) এর জন্য প্রার্থনা করেছেন।

নথি শুনানীর জন্য উপস্থাপন করা হলো।

শুনলাম। ১ নং বিবাদী কতৃক আনিত (Analogous Hearing) এর দরখাস্ত দেখলাম ও পর্যালোচনা করলাম। পর্যালোচনা অন্তে দেখা যায় যে, বাদীপক্ষ তপসিল বর্নিত নালিশী সম্পত্তিতে বিভাগের প্রার্থনায় দরখাস্তকারী ১ নং বিবাদীসহ অপরাপর বিবাদীদের বিরুদ্ধে অত্র অপর মামলা নং ১১৬/২০০৭ (বর্তমানে- অপর মামলা নং ৯২৫/২০২১) মামলা আনয়ন করেন। অত্র মামলাটি বর্তমানে অধিকতর শুনানী পর্যায়ে রয়েছে। এদিকে অত্র মামলার ১ নং বিবাদী বাদী হয়ে অত্র মামলার নালিশী ভূমিতে স্বত্বের ঘোষনা এবং বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধ মর্মে ঘোষনার প্রার্থনায় বাদীর বিরুদ্ধে অন্য প্রকার মোকদ্দমা নং ২২৮/২০০৭ দায়ের করে যাহা এখন এস আর পর্যায়ে আছে। উক্ত মামলায় অত্র মামলার বাদী ৩ নং বিবাদী শ্রেনীভুক্ত রয়েছে মর্মে দৃষ্ট হয়। অত্র মামলার ১ নং বিবাদী উক্ত ২২৮/২০০৭ মামলায় ১ নং বাদী হিসাবে শ্রেনীভুক্ত রয়েছে। অত্র মামলার তফসিল ভুক্ত সম্পত্তি এবং উক্ত ২২৮/১৯ নং মামলার তফসিলী সম্পত্তি অভিন্ন মর্মে প্রতীয়মান হয়। যেহেতু অত্র বিভাগ মামলা এবং ২২৮/১৯ নং মামলার পক্ষগণ এবং নালিশী সম্পত্তি অভিন্ন সুতরাং সুষ্টু নিষ্পত্তির স্বার্থে অত্র মোকদ্দমা দুটি একত্রে পাশাপাশি বিচার নিষ্পত্তি হওয়া সমীচীন বলে আমি মনে করি। অতএব ১ নং বিবাদী কতৃক আনিত একই সঙ্গে পাশাপাশি বিচারের (Analogous Hearing) দরখাস্ত মঞ্জুর করা হলো।

অত্র মামলাটি মূল মামলা হিসাবে পরিগণিত করিয়া অত্র মামলার সহিত অত্র আদালতের বিচারাধীন অপর ২২৮/২০০৭ মামলাটি একত্রে পাশাপাশি বিচার নিষ্পত্তি করা হোক।

আগামী --------------------ইং তারিখ অধিকতর শুনানী।

অদ্য P.W.1 এর অবশিষ্ট জেরা এবং ২০/০১/২০২০ ইং তারিখের দরখাস্ত শুনানীর জন্য দিন ধার্য আছে।

যুক্তিতর্ক শুনানীর জন্য দিন ধার্য আছে। বাদীপক্ষে এডভোকেট হাজিরা দাখিল করেছেন। ১ নং বিবাদী পক্ষে একখানা দরখাস্ত আনয়ন করে অত্র মোকদ্দমাটি অত্রাদালতে দায়েরকৃত অন্য প্রকার মোকদ্দমা নং ১৬/১৪ এর সহিত Analogous Hearing এর জন্য প্রার্থনা করেছেন। নথি শুনানীর জন্য উপস্থাপন করা হলো।

শুনলাম। ১ নং বিবাদী কতৃক আনিত Analogous Hearing এর দরখাস্ত দেখলাম ও পর্যালোচনা করলাম। পর্যালোচনা অন্তে দেখা যায় যে অত্র মোকদ্দমাটি এখন যুক্তিতর্ক শুনানী পর্যায়ে রয়েছে। এদিকে অত্র মোকদ্দমার ৫-৯ নং বিবাদীগন বাদীগনের ইং ২৬/০৯/১৯৬৪, ২১/০৭/১৯৬৫ এবং ০৫/১০/১৯৭৬ তারিখের তিনটি দলিল জাল ভুয়া অকার্যকরী মর্মে ঘোষনা চেয়ে অত্রাদালতে অন্য প্রকার মোকদ্দমা নং ১৬/২০১৪ দায়ের করেন। অত্র দরখাস্তকারী ৫ নং বিবাদী দাবি করেন যে যেহেতু উপরোক্ত তারিখের দলিলে বর্নিত সম্পত্তি এবং অত্র মোকদ্দমার তফসিল বর্নিত সম্পত্তি একই সম্পত্তি এবং বাদী ও ৫ নং বিবাদীগন একই ব্যাক্তি সুতরাং মোকদ্দমা দুটি একসাথে বিচার হওয়া আবশ্যক।

নতি পর্যালোচনায় দেখা যায় যে অত্র মোকদ্দমার বাদীপক্ষ অত্রাদালতে দায়েরকৃত বাটোয়ারা মোকদ্দমা নং ৩৪/২০০৩ এর বিগত ০৬/০৩/২০০৭ ইং তারিখের একতরফা রায় ও আদেশ এবং ১৩/০৩/২০০৭ ইং তারিখের তর্কিত ডিক্রী বে-আইনী ও যোগসাজসী মর্মে ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনা করে এবং তর্কিত সম্পত্তিতে বাদীগনের খরিদ সূত্রে ২.২৬ একর জমি বাবদ বাটোয়ারা ছাহামের প্রার্থনা করে অত্র মোকদ্দমা

আনয়ন করেছেন । যেহেতু উপরে বর্নিত তিনটি তারিখের দলিলের সম্পত্তি এবং অত্র মোকদ্দমার তফসিল বর্নিত সম্পত্তি একই সম্পত্তি সুতরাং মোকদ্দমার সুষ্ঠু নিষ্পত্তির স্বার্থে অত্র মোকদ্দমা দুটি একসাথে বিচার হওয়া সমীচীন বলে আমি মনে করি। অতএব ১ নং বিবাদী কতৃক আনিত Analogous Hearing এর দরখাস্ত মঞ্জুর করা হলো।